

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ৯৫৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭৯. বসে সালাত আদায় করা

باب فِي صَلَاةِ الْقَاعِدِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، قَالَ سَمِعْتُ بُدَيْلَ بْنَ مَيْسَرَةَ، وَأَيُّوبَ، يُحَدِّثَانِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقٍ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي لَيْلًا طَوِيلًا قَائِمًا وَلَيْلًا طَوِيلًا قَاعِدًا فَإِذَا صَلَّى قَائِمًا رَكَعَ قَائِمًا وَإِذَا صَلَّى قَاعِدًا رَكَعَ قَاعِدًا .

— صحيح : م

বাংলা

৯৫৫। 'আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে কখনো দীর্ঘ সময় দাঁড়িয়ে এবং কখনো দীর্ঘ সময় বসে সালাত আদায় করতেন। তিনি দাঁড়িয়ে সালাত আদায়কালে দাঁড়িয়ে রুকু' করতেন এবং বসে সালাত আদায়কালে বসে রুকু' করতেন।[1]

সহীহ : মুসলিম।

English

'A'ishah said:

The Messenger of Allah (ﷺ) used to pray standing at night for a long time, and used to pray sitting at night for a long time. When he prayed standing, he bowed standing, and when he prayed sitting, he bowed sitting.

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : মুসাফিরদের সালাত, অনুঃ নফল সালাত দাঁড়িয়ে এবং বসে আদায় করা জায়িয), নাসায়ী (অধ্যায় : ক্রিয়ামুল লাইল, হাঃ ১৬৪৫), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ নফল সালাত বসে আদায় করা, হাঃ ১২২৮, অনুরূপ অর্থবোধক আহমাদ (৬/৩০) সকলে আবদুল্লাহ ইবনু শাকীক হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58273>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন